

তারিখ : 13/04/2016

আরবিআই অন্তরীণ 'L' বর্ণ বিশিষ্ট ₹ 10 টাকা অর্থমূল্যের ব্যাংক নোট চালু করবে

ভারতীয় রিজার্ভ ব্যাংক শীঘ্রই অন্তরীণ 'L' বর্ণ বিশিষ্ট ভারতীয় রিজার্ভ ব্যাংকের গভর্নর ড. রঘুরাম জি. রাজনের সইযুক্ত এবং নোটের বিপরীত পৃষ্ঠে মুদ্রণ বর্ষ 2016 মুদ্রিত আছে এমন মহাত্মা গান্ধী সিরিজ -2015-এর ₹ 10 টাকা অর্থমূল্যের ব্যাংক নোট চালু করবে।

এখন চালু হতে চলা এই ব্যাংক নোটগুলির নকশা আগে চালু হওয়া মহাত্মা গান্ধী সিরিজ -2015-এর ₹ 10 টাকা অর্থমূল্যের ব্যাংক নোটগুলির সঙ্গে সর্বতোভাবে একই থাকবে, ব্যতিক্রম এই যে, নোটের উভয়প্রান্তের সাংখ্য সারণীর সংখ্যাগুলি বাম দিক থেকে ডান দিকে ক্রমোচ্চ আকৃতির হবে যদিও প্রথম তিনটি সারণী- সূচক বর্ণ-সংখ্যার সমন্বয়ের (প্রেফিক্স) আকৃতি একই থাকবে যেমন নীচে দেওয়া নোটটির প্রতিচ্ছবিতে দেখা যাচ্ছে:



উভয়প্রান্তের সাংখ্য সারণীতে ক্রমোচ্চ আকৃতির সংখ্যা বিশিষ্ট ₹ 50 টাকা, ₹ 100 টাকা, ₹ 500 টাকা এবং ₹ 1000 টাকা অর্থমূল্যের এই প্রকারের ব্যাংক নোট আগেই চালু করা হয়েছে।

ব্যাংক দ্বারা আগে চালু করা ₹ 10 টাকা অর্থমূল্যের সমস্ত ব্যাংক নোটের আইনগত পেশযোগ্যতা বজায় থাকবে।

প্রেস প্রকাশনী : 2015-2016/2413

অজিত প্রসাদ
সহকারি উপদেষ্টা (অ্যাসিস্টেন্ট অ্যাডভাইসার)